

মধ্যদিনে যবে গান বন্ধ করে পাখি,
 হে রাখাল, বেণু তব বাজাও একাকী ॥
 প্রান্তরপ্রান্তের কোণে রুদ্র বসি তাই শোনে,
 মধুরের-স্বপ্নাবেশে-ধ্যানমগন-আঁখি—
 হে রাখাল, বেণু যবে বাজাও একাকী ॥
 সহসা উচ্ছ্বসি উঠে ভরিয়া আকাশ
 তুষাতপ্ত বিরহের নিরুদ্গ নিশ্বাস ।
 অম্বরপ্রান্তে যে দূরে ডম্বরু গস্তীর সুরে
 জাগায় বিদ্যুতছন্দে আসন্ন বৈশাখী—
 হে রাখাল, বেণু যবে বাজাও একাকী ॥

Parjaay: Prakriti / Grisma, Taal: Kaharwa, Raag: Hameer
 Visit www.geetabitan.com for notation and other detail